16

দৈনিক ইনকিলাব

তারিখ 03 JAN 1997
পৃষ্ঠা ৫ কলাম ৩

## ভোকেশনালে ইসলামী শিক্ষা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ১৯৯৭ সাল থেকে এইচএসসি শিক্ষাক্রম চালু করার জন্য পাঠ্য ক্রমের পাণ্ডুলিপি আহবান করেছে, কিন্তু দুঃখের বিষয়, ইসলামী শিক্ষার জন্য পাণ্ডুলিপি চাওয়া হয়নি। এতে বুঝা যায়, কারিগরি শিক্ষা বোর্ড এইচএসসি হতে ইসলামী শিক্ষাকে উৎখাত করার নীল নক্‌শা এঁকেছে। আবার বিশেষ সূত্রে জানতে পারলাম যে, এইচএসসির জন্য বাংলা, ইংরেজী, গণিত, রসায়ন, পদার্থ, ইসঃ ইতিহাস ও সংস্কৃতির শিক্ষক চাওয়া হবে, কিন্তু ইসলামী শিক্ষার শিক্ষক চাওয়া হবে না। এতে করে ইতিপূর্বে নিয়োগকৃত গণিত, বিজ্ঞান ও বাংলার শিক্ষকরা পদোন্নতির আশা করতে পারে; কিন্তু একই ডিগ্রীধারী ইসলামী স্টাডিজের শিক্ষকদের পদোন্নতির পথ চিরতরে বন্ধ করে রাখার হীন ষড়যন্ত্র চলছে।

আমরা এ ধরনের হটকারী সিদ্ধান্তের নিন্দা জানাই— সাথে সাথে কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানাই যে; এইচএসসি থেকে ইসলামী শিক্ষাকে সিলেবাসের অন্তর্ভুক্ত করে শিক্ষকদের পদোন্নতির সুযোগ ও ছাত্রদের নৈতিকতা বৃদ্ধির ব্যবস্থা করা হোক

—আঃ মোনিম
সিলেট, শহর।

## জাতীয় বিশ্ববিদ্যালয় সমীপে

সারাদেশের উচ্চ শিক্ষার অন্যতম বাহন হিসাবে যখন সেশন জটমুক্ত বিশ্ববিদ্যালয়রূপে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা ঠিক তখনই আমরা অনেকেই বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েও ভর্তি না হয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ ইং সালে কলেজে অনার্স পড়তে ভর্তি হই। পরবর্তীতে নির্ধারিত সময়ের কিছু দেরীতে হলেও নির্দিষ্ট সময়ে পরীক্ষা দেই। অথচ পরীক্ষা দেয়ার পর হতে শুরু করে এখন প্রায় ৮ মাস শেষে যখন এই জানুয়ারীতে পরবর্তী পরীক্ষার ফরম পূরণ শুরু হতে যাচ্ছে তখনও গত পরীক্ষার রেজাল্টের কোন খবর নেই। আমরা জানি অনার্সের খাতা সাধারণত দুইজন পরীক্ষক প্রয়োজনে তিনজনে দেখে থাকেন কিন্তু তাই বলে কি ৮ মাসেও দেখা শেষ হবে না? অথচ বোর্ডের অধীনে যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা হল তাতে চার লক্ষাধিক ছাত্র-ছাত্রীর খাতা দেখে মার্কসীটসহ মাত্র ৩ মাসে সব কাজ শেষ করে ফেলেছে।

আমাদের জিজ্ঞাসা জানুয়ারীতে আমরা কোন সেশনের ফরম পূরণ করব? তাছাড়া আমাদের রাষ্ট্রবিজ্ঞান ১ম বর্ষের প্রশ্নপত্র খুবই জটিল হয়েছে যার জন্য অনেকের উত্তীর্ণ হওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ। তাই কর্তৃপক্ষের কাছে আমাদের বিনীত অনুরোধ যথাসম্ভব তাড়াতাড়ি রেজাল্ট দিয়ে অন্তত নিশ্চিন্তে ফরম পূরণের সুযোগ দেয়া হোক।

—মোঃ আনিছুর রহমান,
অনার্স রাষ্ট্রবিজ্ঞান বিভাগ,
বি, বাড়ীয়া সরকারী কলেজ,
বি,বাড়ীয়া।